

নির্বাচিত বাংলা শিশু-কিশোর সাহিত্যিকদের উপন্যাসে অভিযান প্রকল্প:

বিশ্বযুদ্ধ ও উপনিবেশের চৈতন্য

পি এইচ ডি (কলা অনুষদ) উপাধির জন্য প্রদত্ত গবেষণা সন্দর্ভ-এর বিষয়বস্তু

তত্ত্বাবধায়ক: অধ্যাপক রাজেশ্বর সিন্হা

গবেষক: সৈকত ব্যানার্জী

যাদবপুর বিশ্ববিদ্যালয়, ২০২২

বিষয়বস্তু:

পাঁচটি অধ্যায়ে বিভাজিত গবেষণা সন্দর্ভে অভিযান উপন্যাসের পটভূমি, বাংলার আর্থ-রাজনৈতিক অবস্থা ও বিশ্বরাজনীতির সঙ্গে অভিযান উপন্যাসের সম্পর্ক, অভিযান উপন্যাসের উত্থান ও গতিপ্রকৃতি আলোচিত হয়েছে হেমেন্দ্র কুমার রায়, বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় ও প্রেমেন্দ্র মিত্র এই তিন নির্বাচিত সাহিত্যিকের অভিযান উপন্যাস বিশ্লেষণের মাধ্যমে।

বিশ শতকের দ্বিতীয় দশকে বাংলা শিশু কিশোর সাহিত্যে নতুন বর্গ রূপে আত্মপ্রকাশ করে অভিযান সাহিত্য। স্থানিক সরণ, অভিজ্ঞতা অর্জন, বিপদ ও প্রতিবন্ধকতা, আবিষ্কার ও নায়ক এই পাঁচটি আবশ্যিক উপাদানের উপস্থিতি অভিযান সাহিত্যকে স্বতন্ত্র বর্গ করে তোলে। দীর্ঘ ঔপনিবেশিক শাসনকাল ও ঔপনিবেশিক শিক্ষার পরিমণ্ডলে গড়ে উঠতে থাকা অভিযান উপন্যাসগুলি ইউরোপীয় সাম্রাজ্য সম্প্রসারণের সহায়ক অভিযান-উপন্যাসগুলির ধাঁচেই আদল পেতে থাকে ক্রমাগত। বিশ শতকের এই অভিযান-উপন্যাস রচিত হতে থাকার প্রত্যক্ষ কারণ হিসেবে কেবল ঔপনিবেশিক শিক্ষাই নয়, চিহ্নিত করতে পারা যায় প্রথম বিশ্বযুদ্ধের প্রবল ধাক্কাও। বিশ্বযুদ্ধে অপ্রস্তুতভাবে জড়িয়ে পড়া বাঙালি নিজেকে আবিষ্কার করে বৃহত্তর পৃথিবীর মাঝখানে। সে আবিষ্কার করে— পৃথিবীর মানচিত্রের মতোই ত্ব-ধারণা-জ্ঞানের ক্ষেত্রেও দুনিয়া জুড়ে চলছে ভাঙা গড়া। শুরু হয়েছে প্রযুক্তির দাপট। অনড় অবস্থানে আর চলতা বিহীন থাকা

সম্ভব হয়নি বাঙালির পক্ষে। নতুন দুনিয়ার প্রতি তার তৈরি হয়েছে নতুন আগ্রহ। অথচ উপনিবেশের শিক্ষা ও দর্শন, ধর্মজাত স্বাণুহ ও সামাজিক বিধিনিষেধ তার বিশ্ব-জানার পথে হয়ে ওঠে প্রধান বাধা। এই আকাঙ্ক্ষা ও বাধার দ্বন্দ্ব থেকেই সৃষ্টি হতে থাকে অভিযান সাহিত্য।

উপনিবেশের রাজনীতি ও অর্থনীতি যেমন বাংলা অভিযান সাহিত্যের প্রেক্ষাপট হিসেবে থেকে গেছে, তেমনই প্রথম ও দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রভাবে বিশ্বরাজনীতির চালচিত্রের ওপর দাঁড়িয়ে পরিবর্তনশীল বাঙালির নৈতিকতাও নিয়ন্ত্রণ করেছে বাংলা অভিযান উপন্যাসগুলিকে। উপন্যাসগুলির প্লট ও চরিত্রে, বয়ান-কৌশলে নায়কের নৈতিকতা ও দর্শনে, রাষ্ট্র ও নায়কের সম্পর্কে এসে লেগেছে নানামাত্রিক অভিঘাত। দুর্ভিক্ষের অভিজ্ঞতা, ফ্যাসিবাদ ও সাম্রাজ্যবাদ বিরোধী আন্দোলনের চেতনা ও আগতপ্রায় স্বাধীনতার আকাঙ্ক্ষা বাংলা অভিযান সাহিত্যের মতাদর্শে এনেছিল পরিবর্তন।

প্রথম বিশ্বযুদ্ধের প্রত্যক্ষ প্রভাবে প্রকল্পিত অভিযান প্রথম মূর্ত রূপ পেয়েছিল হেমেন্দ্রকুমার রায়ের অভিযান সাহিত্য বিমল-কুমার সিরিজ, জয়ন্ত মানিক সিরিজ, আলেয়া সিরিজ ও অন্যান্য উপন্যাসে। অভিযান নায়কের মাধ্যমে সমসময়ের জাতীয়তাবাদী আকাঙ্ক্ষাকে ফুটিয়ে তুলেছেন তিনি। অনুশীলন সমিতির প্রভাব সেখানে যেমন দেখা গিয়েছে, ঔপনিবেশিক গ্রন্থতা ও পুরুষতান্ত্রিক দৃষ্টিভঙ্গিও সেখানে প্রকট হয়েছে।

বিভূতিভূষণের অভিযান উপন্যাসে যেমন ঔপনিবেশিক গ্রন্থতা ধরা পড়ে, তেমনি হিন্দু-পুনর্জাগরণবাদী ধারণারও প্রকাশ ঘটে। যুদ্ধবিরোধী অবস্থান ও অপর সম্পর্কে দৃষ্টিভঙ্গির বদল বিভূতিভূষণের ঔপনিবেশিক বোধে বৈচিত্র্য নির্মাণ করেছে।

ফ্যাসিবাদ ও সাম্রাজ্যবাদ বিরোধী অবস্থান গ্রহণের মাধ্যমে, অপর জনজাতিদের প্রতি মুক্ত দৃষ্টিভঙ্গির পরিচয়ে ও উপনিবেশবাদের সমালোচনার মাধ্যমে প্রেমেন্দ্র মিত্র তার অভিযান উপন্যাসগুলিতে রাজনীতি সচেতনতার ছাপ রেখেছেন। বাঙালির ছদ্ম অভিযান ভাবনার বিদ্রূপ করেছেন ঘনাদা সিরিজের মাধ্যমে। কল্পবিজ্ঞান ও অভিযানকে একত্রে মিলিয়েছেন। মতাদর্শগত ভিন্নতার মাধ্যমে অভিযান উপন্যাসের ভিন্ন বয়ান নির্মাণ করেছেন।

